গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০৩.২২.০০১.২৬-৭৭ তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম বর্ষে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রদান বিজ্ঞপ্তি-২০২৬**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৫' অনুযায়ী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে (১ম বর্ষ) ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের নিকট থেকে ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। নির্ধারিত আবেদন ফরম ও নির্দেশিকা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট (www.pmeat.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

০৩। আবেদন ফরম পূরণপূর্বক আবেদনে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করে আগামী **২৫ মে/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে** প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে।

০৪। বিশেষ সহায়তা সংক্রান্ত হেল্পলাইনঃ ০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৫৮৩৫৬ ও ০১৭৭৮৯৬৪১৫৬ (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত হেল্পলাইন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০৩/৫/২০২৬
(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd

PMEAT: SF "ক"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

সদ্য তোলা এক কপি পি পি সাইজের রঙিন ছবি আঠা/পিন দিয়ে এখানে লাগাতে হবে

**চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন ফরম**

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি ৪৪, সড়ক ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

**বিষয়: উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চিকিৎসা (এমবিবিএস)/বিএসসি (ইঞ্জিনিয়ারিং)/বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম বর্ষে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থী হিসেবে বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন।**

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী--------------------------------------------------------চিকিৎসা (এমবিবিএস)/বিএসসি (ইঞ্জিনিয়ারিং)/বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম বর্ষে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থী হিসেবে বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন করছি।

## (ক) শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য:

(১) শিক্ষার্থীর নাম: -----------------------------------------------------------বৈবাহিক অবস্থা: বিবাহিত/অবিবাহিত (টিক √ চিহ্ন দিন)

(২) পিতার নাম: --------------------------------------------------------- এনআইডি নম্বর: ------------------------------------------

(৩) মাতার নাম: --------------------------------------------------------- এনআইডি নম্বর: ------------------------------------------

(৪) পিতা-মাতার অবর্তমানে অভিভাবকের নাম:------------------------------------------- এনআইডি নম্বর: ---------------------------------

['অভিভাবক' অর্থ- পিতা/মাতা অথবা পিতা ও মাতার মৃত্যু বা অন্য কোনো কারণে শিক্ষার্থী সম্পূর্ণরূপে যার উপর নির্ভরশীল।]

(৫) শিক্ষার্থীর জন্ম তারিখ (জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী আবশ্যকীয়): -------------------------------------------------------

(৬) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর: ----------------------------------------- এনআইডি নম্বর (যদি থাকে): ----------------------------------

(৭) শিক্ষার্থীর মোবাইল নম্বর :--------------------------------------- পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর :-------------------------------

(৮) **স্থায়ী ঠিকানা:**

গ্রাম : ----------------------------------- ওয়ার্ড : ----------------------- ইউনিয়ন :---------------------পৌরসভা---------------------

ডাকঘর : ------------------------------উপজেলা/থানা : ------------------------ জেলা : ----------------------- বিভাগ : --------------

(৯) **বর্তমান ঠিকানা:**

গ্রাম/বাড়ি/মহল্লা : ----------------------------------------সড়ক নং/নাম:-------------------------- ওয়ার্ড নং ও নাম : ----------------

ডাকঘর : ------------------------------উপজেলা/থানা : ------------------------ জেলা : ----------------------- বিভাগ : --------------

## (খ) শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য:

(১) অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম:------------------------------------------------------------------------- শ্রেণি : ------------------

(২) বিভাগ/বিষয় : -----------------------------------শিক্ষাবর্ষ : ---------------------- ছাত্র/ ছাত্রী (আবশ্যিকভাবে √ চিহ্ন দিতে হবে)

(৩) শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নাম: -------------------------------------------------------------------------------

(৪) আবেদনের ক্যাটাগরি (আবশ্যিকভাবে টিক √ চিহ্ন দিতে হবে) চিকিৎসা (এমবিবিএস); বিএসসি (ইঞ্জিনিয়ারিং); বিএসসি (নার্সিং)

(৫) প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের ফোন নম্বর (অফিস): -------------------------------------------------------------------

(৬) অসচ্ছল পরিবারের শিক্ষার্থী মর্মে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের মন্তব্য (আবশ্যকীয়): ------------------------------------
----------------------------------------------------------------------------------------------------------------

শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের
স্বাক্ষর, তারিখ ও নামসহ সিল

## (গ) শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য:

### (১) শিক্ষা সংক্রান্ত তথ্য:

(i) শিক্ষার্থীর পরিবারের কতজন সদস্য শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশোনা করছে?

--------------------------------------------------------------------------------

(ii) কোন্ শিক্ষা প্রতিষ্ঠানে কোন্ স্তরে পড়াশোনা করছে?

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

(iii) আবেদনকারী শিক্ষার্থীর পড়াশোনার খরচ কে বহন করছে?

--------------------------------------------------------------------------------

### (২) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য:

(i) আবেদনকারী বা তার পরিবারের কোন সদস্য জন্মগত/দুরারোগ্য/দীর্ঘমেয়াদী (ক্রনিক) রোগে আক্রান্ত কিনা?

--------------------------------------------------------------------------------

(ক) যদি আক্রান্ত হন চিকিৎসা করান কিনা?

--------------------------------------------------------------------------------

(খ) যদি চিকিৎসা করে থাকেন:

(i) কোথায় চিকিৎসা করান?

--------------------------------------------------------------------------------

(গ) যদি চিকিৎসা না করেন এর কারণ কি?

--------------------------------------------------------------------------------

### (৩) আবাসন সংক্রান্ত তথ্য:

(i) আবেদনকারীর পরিবারের মোট জমির পরিমান কত?

--------------------------------------------------------------------------------

(ii) জমি কোথায় অবস্থিত?

--------------------------------------------------------------------------------

(iii) বসতঘর কিসের তৈরী?

--------------------------------------------------------------------------------

(iv) খাবার পানির উৎস কি?

--------------------------------------------------------------------------------

(v) কোন কোন ইলেকট্রনিক্স দ্রব্য ব্যবহার করেন?

--------------------------------------------------------------------------------

### (৪) পরিবার সংক্রান্ত তথ্য:

(i) আবেদনকারী শিক্ষার্থীর পরিবারের সদস্য সংখ্যা কতজন?

--------------------------------------------------------------------------------

(ii) আবেদনকারী শিক্ষার্থীর মা-বাবা দু'জনেই/একজন জীবিত আছেন/একজনও জীবিত নেই। উল্লেখ করুন।

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

**(৫) পরিবারের আয় সংক্রান্ত তথ্য:**

(i) পরিবারের উপার্জনরত সদস্য সংখ্যা কতজন?

--------------------------------------------------------------------------------

(ii) আবেদনকারী শিক্ষার্থীর অভিভাবকের শহরে অথবা গ্রামে কোথায় মাসিক আয়ের উৎস আছে?

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

(iii) শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয়ের পরিমাণ কত?

--------------------------------------------------------------------------------

**(৬) অভিভাবকের পেশা সংক্রান্ত তথ্য:**

(i) আবেদনকারী শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের পেশা কি?

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

**(৭) পারিবারিক ব্যয় সংক্রান্ত তথ্য:**

(i) আবেদনকারী শিক্ষার্থীর পরিবারের বার্ষিক মোট ব্যয় কত?

--------------------------------------------------------------------------------

(ii) আবেদনকারী শিক্ষার্থীর পরিবারের ব্যয়ের উল্লেখযোগ্য খাতসমূহ উল্লেখ করুন।

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

(iii) কোন্ খাতে বার্ষিক কত ব্যয় হয়?

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

**(৮) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত তথ্য:**

(i) আবেদনকারী শিক্ষার্থী/পিতা/মাতার কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? থাকলে প্রমাণপত্রসহ উল্লেখ করুন।

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

(ii) আবেদনকারীর অভিভাবকের কোন ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতা কার্ড/বিধবা ভাতা কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ড আছে? থাকলে প্রমাণপত্রসহ উল্লেখ করুন।

--------------------------------------------------------------------------------

**(৯) ক্ষুদ্র ঋণ/ব্যাংক ঋণ সংক্রান্ত তথ্য:**

(i) আবেদনকারী শিক্ষার্থীর অভিভাবকের কি কোনো ক্ষুদ্র ঋণ (বিভিন্ন এনজিও) আছে?

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

(ii) আবেদনকারী শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের কোনো ব্যাংক ঋণ আছে?

--------------------------------------------------------------------------------

**(১০) অন্যান্য তথ্য [নিম্নবর্ণিত ক্ষেত্রে টিক √ চিহ্ন দিন]:**

☐ প্রতিবন্ধী শিক্ষার্থী ☐ প্রতিবন্ধী পিতা-মাতা ☐ এতিম শিক্ষার্থী ☐ ভূমিহীন পরিবারের সন্তান ☐ অন্যান্য

| | |
|---|---|
| আবেদনের তারিখ: ------------------------------------------------ | শিক্ষার্থীর স্বাক্ষর: ------------------------------------------------<br>শিক্ষার্থীর নাম: ------------------------------------------------ |

**(ঘ) আবেদনের সাথে নিম্নে উল্লিখিত কাগজ-পত্রাদি আবশ্যিক/প্রযোজ্যক্ষেত্রে সংযুক্ত করতে হবে:**

| | |
|---|---|
| ১. শিক্ষার্থীর সদ্যতোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।<br>২. উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণের নম্বরপত্রের ফটোকপি।<br>৩. শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) এর ফটোকপি।<br>৪. শিক্ষার্থীর পিতা ও মাতা'র জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।<br>৫. পিতা মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। | আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। |
| ৬. প্রতিবন্ধী শিক্ষার্থী, শিক্ষার্থীর প্রতিবন্ধী পিতা-মাতা, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান হলে এর সমর্থনে প্রমাণকের কপি/ফটোকপি।<br>৭. আবেদনকারী শিক্ষার্থীর অভিভাবক ঋণ গ্রহণ করলে এর সমর্থনে প্রমাণকের কপি/ফটোকপি। | প্রযোজ্যক্ষেত্রে সংযুক্ত করতে হবে। |
| ৮. শিক্ষার্থীর '**অভিভাবক দরিদ্র ও অসচ্ছল**' মর্মে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের কপি/ফটোকপি। | আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। |

২৭/০১/২০২৩

# চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
www.pmeat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০৩.২২.০০১.২৫-০৫

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৫।**

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে উপবৃত্তি ও টিউশন ফি, ভর্তি সহায়তা, চিকিৎসা অনুদান, জরুরি আর্থিক সহায়তা এবং উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা হচ্ছে। চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে এ নির্দেশিকা (Guideline) প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম ও প্রবর্তন:**

(১) এ নির্দেশিকা ‘চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বিশেষ আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৫’ নামে অভিহিত হবে; এবং

(২) এ নির্দেশিকা জারির তারিখ থেকে কার্যকর হবে।

৩। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায় -

(১) ‘তহবিল’ অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলতি তহবিল;

(২) ‘অসচ্ছল পরিবার’ অর্থ - অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকার কম;

(৩) ‘বিশেষ আর্থিক সহায়তা’ অর্থ - এ নির্দেশিকার আওতায় চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থীর অনুকূলে মাসিক আর্থিক সহায়তা প্রদান;

(৪) ‘প্রাক-বাছাই কমিটি’ অর্থ - এ নির্দেশিকার ৮.১ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(৫) ‘বাছাই কমিটি’ অর্থ - এ নির্দেশিকার ৮.২ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(৬) ‘কর্তৃপক্ষ’ অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;

(৭) ‘অভিভাবক’ অর্থ- পিতা/মাতা অথবা পিতা ও মাতার মৃত্যু বা অন্য কোনো কারণে শিক্ষার্থী সম্পূর্ণরূপে যার উপর নির্ভরশীল;

(৮) ‘শিক্ষা প্রতিষ্ঠান’ অর্থ চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় পাঠদানকারী সরকারি শিক্ষা প্রতিষ্ঠান;

(৯) ‘শিক্ষার্থী’ অর্থ- চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের শিক্ষার্থী; এবং

(১০) ‘ট্রাস্ট’ অর্থ- প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

৪। **বিজ্ঞপ্তি প্রকাশ:**

(১) ট্রাস্ট কর্তৃক আবেদন গ্রহণের লক্ষ্যে প্রতি শিক্ষাবছরের শুরুতে ২ (দুটি) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদন আহবান করা হবে; এবং

(২) বিজ্ঞপ্তির কপি শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং সংশ্লিষ্ট সকল সরকারি বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হবে।

৫। **আবেদন পদ্ধতি:**

(১) বিজ্ঞপ্তি প্রকাশের পর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীকে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;

(২) আবেদন ছকে চাহিত কাগজপত্র সংযুক্ত করতে হবে; এবং

(৩) নির্ধারিত আবেদন ছক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট (www.pmeat.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে **(আবেদন ছক সংযোজনী-ক)**।

৬। **বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্তির শর্তাবলি:**

(১) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থী হিসেবে ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;

(২) অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকার কম হতে হবে;

(৩) শিক্ষার্থী কর্তৃক প্রতিবছর শিক্ষা কার্যক্রমের সন্তোষজনক অগ্রগতি প্রতিবেদন ট্রাস্টে জমা প্রদান সাপেক্ষে পর্যায়ক্রমে চিকিৎসা (এমবিবিএস) পর্যায়ে সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর এবং বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ও বিএসসি (নার্সিং) পর্যায়ে সর্বোচ্চ ৪ (চার) বছর মেয়াদে আর্থিক সহায়তা প্রদান করা হবে; এবং

(৪) কোনো শিক্ষার্থী বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্তির পর সহায়তা অব্যাহত রাখার জন্য শিক্ষার্থীকে অধ্যয়নরত থাকার প্রমাণক হিসেবে প্রতিষ্ঠান প্রধান বা বিভাগীয় প্রধানের প্রত্যয়ন দাখিল করতে হবে।

৭। **বিশেষ আর্থিক সহায়তা প্রদান পদ্ধতি:**

(১) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চিকিৎসা (এমবিবিএস), বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিএসসি (নার্সিং) শিক্ষায় ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে প্রতিক্ষেত্রে ১০ (দশ) জন করে প্রতিবছর অসচ্ছল পরিবারের (১০+১০+১০) সর্বমোট ৩০ (ত্রিশ) জন শিক্ষার্থী নির্বাচন করা হবে;

(২) নির্বাচিত প্রত্যেক শিক্ষার্থীকে প্রতি মাসে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে বিশেষ আর্থিক সহায়তা প্রদান করা হবে;

(৩) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলতি তহবিল থেকে ব্যয় নির্বাহ করা হবে;

(৪) আর্থিক সহায়তার অর্থ নির্বাচিত শিক্ষার্থীর অনলাইন ব্যাংক হিসাবের বিপরীতে প্রতিমাসে প্রেরণ করা হবে:

(৫) আর্থিক সহায়তার জন্য নির্বাচিত শিক্ষার্থীকে মোবাইল এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে; এবং

(৬) বিশেষ আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ৮। বিশেষ আর্থিক সহায়তা নির্বাচন সংক্রান্ত কমিটিসমূহ:

**৮.১ প্রাথমিক যাচাই বাছাই কমিটি:** নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে প্রাথমিক যাচাই বাছাই কমিটি গঠিত হবে-

| ক্র. নং | বিস্তারিত বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২. | উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৪. | প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**প্রাথমিক যাচাই বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) বাছাই কমিটির সভায় উপস্থাপনের পূর্বে প্রাপ্ত আবেদনসমূহ নির্দেশিকার আওতায় প্রাথমিক পর্যালোচনা ও যাচাই-বাছাইপূর্বক শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করা এবং এ সংক্রান্ত স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের নিকট পেশ করা; এবং

(খ) প্রাথমিক যাচাই বাছাই কমিটি যৌক্তিক সংখ্যক সভায় মিলিত হবে।

প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

**৮.২ বাছাই কমিটি:** নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে বাছাই কমিটি গঠিত হবে-

| ক্র. নং | বিস্তারিত বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২. | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৩. | বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৮. | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) প্রাথমিক যাচাই বাছাই কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনের মধ্য থেকে নির্দেশিকা অনুযায়ী উপযুক্ত শিক্ষার্থীর আবেদন মূল্যায়নপূর্বক শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করবে;

(খ) ক্যাটাগরি ভিত্তিক ১০ (দশ) জন শিক্ষার্থীর বিপরীতে প্রাথমিকভাবে ১৩ (তের) জন শিক্ষার্থী নির্বাচন করবে; এবং

(গ) বাছাই কমিটি যৌক্তিক সংখ্যক সভায় মিলিত হবে।

প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত ব্যক্তিকে সদস্য হিসেবে কমিটিতে কো-অপ্ট করা যাবে।

## ৯। আর্থিক সহায়তার জন্য যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে অনুসৃত পদ্ধতি:

পরিবারের অসচ্ছলতার মাত্রা এবং অগ্রাধিকার (যদি থাকে) ইস্যু বিবেচনায় নিয়ে ক্যাটাগরি ভিত্তিক শিক্ষার্থী নির্বাচন করা হবে।

**১০। প্রতিবেদন:**

(১) বাছাই কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত সর্বমোট ৩৯ (উনচল্লিশ) জন শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক অসচ্ছলতার মাত্রা সরেজমিনে যাচাই-বাছাই করে একটি প্রতিবেদন ট্রাস্টে প্রেরণ করার জন্য জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিবেদন প্রাপ্তির পর বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ নির্বাচিত ৩০ (ত্রিশ) জন শিক্ষার্থীর অফিস আদেশ (জিও) জারি করবে।

(২) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা ট্রাস্ট সংরক্ষণ করে।

**১১। সংশোধনী:**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সময়ে সময়ে প্রয়োজনে এ নির্দেশিকার যে কোনো অংশ সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে। নির্দেশিকায় কোনো বাক্য বা শব্দের অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে ট্রাস্ট তার ব্যাখ্যা প্রদান করবে।

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট